“রহমান-আল্লাহ দয়াশীলদের প্রতি দয়া করেন। তোমরা যমীনবাসীদের প্রতি দয়া কর, যিনি আসমানের উপরে তিনি(আল্লাহ) তোমাদের প্রতি দয়া করবেন।”

আব্দুল্লাহ ইবনু ‘আমর রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “রহমান-আল্লাহ দয়াশীলদের প্রতি দয়া করেন। তোমরা যমীনবাসীদের প্রতি দয়া কর, যিনি আসমানের উপরে তিনি(আল্লাহ) তোমাদের প্রতি দয়া করবেন।”
[সহীহ]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বর্ণনা করেন , যারা অপরকে দয়া করেন রহমান সব কিছু বেষ্টনকারী তাঁর স্বীয় রহমত দ্বারা তাদের ওপর দয়া করেন, মূলত প্রতিদান স্বীয় আমল অনুযায়ী হবে। তারপর নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম জমিনে যত মানুষ অথবা প্রাণী অথবা পাখী অথবা তা ছাড়া যত প্রকার মাখলূক রয়েছে তাদের সবার ওপর দয়া করার নির্দেশ দিয়েছেন; আর তার প্রতিদান হলো, আল্লাহ তা‘আলা আসমানসমূহের ওপর থেকে তোমাদেরকে দয়া করবেন।

https://sunnah.global/hadeeth/bn/show/8289